"একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত"

ন্যাশনাল ইনস্টিটিউট অব বায়োটেকনোলজি
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
গণকবাড়ী, সাভার, ঢাকা-১৩৪৯

স্মারক: ৩৯.০৬.২৬৭২.০০১.১১.০০১.২৫.৬৪৮

০৩ অগ্রহায়ণ ১৪৩২
১৮ নভেম্বর ২০২৫

# ফেলোশিপ বিজ্ঞপ্তি

বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের আওতাধীন ন্যাশনাল ইনস্টিটিউট অব বায়োটেকনোলজিতে "এনআইবি রিসার্চ ফেলোশিপ" এর আওতায় জীবপ্রযুক্তি বিষয়ে উচ্চতর গবেষণার জন্য নিম্নবর্ণিত ফেলোশিপ প্রদানের নিমিত্ত বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

| ক্রমিক নং | ফেলোশিপের নাম ও ভাতার পরিমাণ | সংখ্যা | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|
| ১। | **পোস্ট ডক্টরাল ফেলো** মাসিক ৬০,০০০/-টাকা ও বার্ষিক আনুষঙ্গিক ভাতা ১,২০,০০০/- টাকা। | ২ | ১. স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে জীবপ্রযুক্তি সংশ্লিষ্ট বিষয়ে পিএইচ.ডি. ডিগ্রি;<br>২. স্বীকৃত বোর্ড বা বিশ্ববিদ্যালয়ের পরীক্ষায় ন্যূনতম ৩টি প্রথম বিভাগ/শ্রেণি/সমমান থাকতে হবে এবং কোন পরীক্ষায় তৃতীয় বিভাগ/শ্রেণি গ্রহণযোগ্য নয়;<br>৩. প্রার্থীর পিএইচ.ডি. পর্যায়ে স্বীকৃত দেশি/ বিদেশি জার্নালে First author হিসেবে কমপক্ষে একটি (১) বৈজ্ঞানিক নিবন্ধ থাকতে হবে। |
| ২। | **পোস্ট গ্র্যাজুয়েট ফেলো** মাসিক ২৫,০০০/-টাকা ও বার্ষিক আনুষঙ্গিক ভাতা ৫০,০০০/-টাকা। | ৩ | ১. স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে জীবপ্রযুক্তি সংশ্লিষ্ট বিষয়ে এম.এস./এম.এসসি. (থিসিস)/এম.ফিল. ডিগ্রিধারী;<br>২. স্বীকৃত বোর্ড বা বিশ্ববিদ্যালয়ের পরীক্ষায় ন্যূনতম ৩টি প্রথম বিভাগ/শ্রেণি/সমমান থাকতে হবে এবং কোন পরীক্ষায় তৃতীয় বিভাগ/শ্রেণি গ্রহণযোগ্য নয়। |

**সাধারণ শর্তাবলি:**

১. সকল প্রকার গবেষণার কাজ আবশ্যিকভাবে এনআইবি'তে এবং এনআইবি'র একজন গবেষণা তত্ত্বাবধায়কের অধীনে সম্পন্ন করতে হবে।

২. বায়োইনফরমেটিক্স বিভাগের ক্ষেত্রে কম্পিউটার সায়েন্স/আইসিটি বিষয়ে ডিগ্রীধারীগণও আবেদন করতে পারবে।

৩. আবেদন জমাদানের শেষ তারিখে পোস্ট ডক্টরাল ফেলোশিপের জন্য প্রার্থীর বয়স অনূর্ধ্ব ৪৫ বছর এবং পোস্ট গ্র্যাজুয়েট ফেলোশিপের জন্য অনূর্ধ্ব ৩০ বছর হতে হবে।

৪. 'জাতীয় জীবপ্রযুক্তি নীতির' কর্মপরিকল্পনা অনুযায়ী এনআইবিতে চলমান গবেষণা প্রকল্পগুলোর সাথে সংগতিপূর্ণ একটি প্রকল্প প্রস্তাব অনলাইন আবেদনপত্রের সাথে (নিম্নে প্রদত্ত ছক অনুযায়ী, pdf ফাইল) সংযুক্ত করতে হবে (সর্বোচ্চ ২ পৃষ্ঠা, ৫০০ KB এর মধ্যে)। এজন্য সংশ্লিষ্ট বিভাগের সাথে যোগাযোগ করা যেতে পারে।

১.Title of the project, ২. Scientific background: a. Significance of the proposed research, b. Related work already performed or in progress at home/abroad, c. Research objectives, ৩. Research plan including methods or techniques, ৪. Expected outcome, ৫. References

৫. প্রাথমিকভাবে যোগ্য বিবেচিত প্রার্থীদের সাক্ষাৎকারের সময় প্রস্তাবিত গবেষণা প্রকল্পটি পাওয়ার পয়েন্টের মাধ্যমে উপস্থাপন করতে হবে (উপস্থাপনার সময়: পোস্ট ডক্টরাল ১০ মিনিট এবং পোস্ট গ্র্যাজুয়েট ফেলো ৫ মিনিট)।

৬. ফেলোশিপের মেয়াদ প্রাথমিকভাবে ১ (এক) বছর। গবেষণার সন্তোষজনক অগ্রগতি সাপেক্ষে মূল্যায়ন কমিটির সুপারিশের আলোকে পর্যায়ক্রমে ১ (এক) বছর করে পোস্ট ডক্টরাল ফেলোশিপের মেয়াদ ২ (দুই) বছর এবং পোস্ট গ্র্যাজুয়েট ফেলোশিপের মেয়াদ ১ (এক) বছর বৃদ্ধি করা যেতে পারে।

৭. **অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলি ও শর্তাবলি**

(ক) http://nibf.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে হবে।

আবেদনের সময়সীমা নিম্নরূপঃ

**(i) আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমা শুরুর তারিখ ও সময়ঃ ২০ নভেম্বর ২০২৫, সকাল ১০:০০ টা।**

**(ii) আবেদনপত্র পূরণের শেষ তারিখ ও সময়ঃ ০৩ ডিসেম্বর ২০২৫, বিকাল ৪:০০ টা।**

উক্ত সময় সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ, আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে SMS-এর মাধ্যমে আবেদন ফি জমা দিবে।

(খ) প্রার্থীর রঙিন ছবি (৩০০X৩০০ Pixel) ও স্বাক্ষর (৩০০x৮০ Pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করতে হবে। ছবি সর্বোচ্চ ১০০ KB ও স্বাক্ষর ৬০ KB হবে।

(গ) পূরণকৃত তথ্য পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে। অতএব, আবেদনপত্র Submit করার পূর্বে সকল তথ্যের নির্ভুলতা সম্পর্কে নিশ্চিত হতে হবে।

(ঘ) দাখিলকৃত আবেদনপত্রের প্রিন্ট কপি সংরক্ষণ করতে হবে এবং সাক্ষাৎকারের সময় এক কপি জমা দিতে হবে।

(ঙ) **SMS** প্রেরণের নিয়মাবলি ও পরীক্ষার ফি প্রদান: আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণপূর্বক ছবি ও স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা হলে ছবিসহ Application Preview দেখা যাবে। আবেদনপত্র Submit করা হলে প্রার্থী User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবে। উক্ত Applicant's copy প্রার্থী Download করে রঙিন প্রিন্ট সংরক্ষণ করবে। এতে একটি User ID দেয়া থাকবে এবং তা ব্যবহার করে নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk Pre-paid Mobile এর মাধ্যমে ২ (দুই)টি SMS করে আবেদন ফি বাবদ ১ নং ক্রমিকের প্রার্থীরা ১০০০/- টাকা এবং ২ নং ক্রমিকের প্রার্থীরা ৫০০/- টাকা, ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে জমা দিবে। উল্লেখ্য, আবেদনপত্র সঠিকভাবে পূরণ করে Submit করা হলেও আবেদন ফি জমা না দেয়া পর্যন্ত আবেদনপত্র গৃহীত হবে না।

**প্রথম SMS**: **NIBF**<Space>**User ID** লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: **NIBF ABCDEF**

**Reply** Applicant's Name, TK. (1000/500) will be charged as application fee. Your PIN is 12345678.

**দ্বিতীয় SMS**: **NIBF** <Space>**Yes**<Space>**PIN** লিখে send করতে হবে 16222 নম্বরে।

Example: **NIBF Yes 12345678**

**Reply**: Congratulations! Applicant's Name, Payment completed successfully for ------------. Application for (post name) User ID is (ABCDEF) and Password (xxxxxxx).

(চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://nibf.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। আবেদনপত্রে প্রদত্ত মোবাইল ফোনে ফেলোশিপ সংক্রান্ত যাবতীয় যোগাযোগ করা হবে। এজন্য উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা অনুসরণ করা বাঞ্ছনীয়।

(ছ) SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে প্রবেশপত্র Download পূর্বক রঙিন প্রিন্ট করতে হবে। প্রবেশপত্রটি সাক্ষাৎকারের সময় অবশ্যই প্রদর্শন করতে হবে।

(জ) শুধু টেলিটক প্রি-পেইড মোবাইল থেকে নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে User ID এবং PIN পুনরুদ্ধার করা যাবে।

(i) User ID জানা থাকলে **NIBF** <Space>**Help**<Space>**User**<Space>**User ID** and Send to 16222.

Example: **NIBF Help USER ABCDEF**

(ii) PIN Number জানা থাকলে **NIBF**<Space>**Help**<Space>**PIN**<Space>**PIN Number** and Send to 16222

Example: **NIBF Help PIN 12345678**

(ঝ) অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে 121 নম্বর অথবা vas.query@teletalk.com.bd বা nibmanpower2015@gmail.com ই-মেইলে যোগাযোগ করা যাবে। (Mail এর subject-এ Organization Name: NIBF, Fellowship Name: *****, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে।)

(ঞ) বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও ন্যাশনাল ইনস্টিটিউট অব বায়োটেকনোলজি এর http://nib.gov.bd এবং http://nibf.teletalk.com.bd ওয়েবসাইটে অথবা QR Code স্ক্যান এর মাধ্যমে টেলিটকের জবপোর্টাল https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে পাওয়া যাবে।

৮. সাক্ষাৎকারের সময় সংশ্লিষ্ট সকল শিক্ষাগত যোগ্যতার সনদ (থিসিসসহ), অভিজ্ঞতার সনদ, জাতীয় পরিচয়পত্র/ জন্ম নিবন্ধন সনদ, স্থায়ী ঠিকানার প্রমাণস্বরূপ ইউনিয়ন চেয়ারম্যান/পৌরসভার মেয়র/ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদের মূলকপি প্রদর্শন করতে হবে এবং Applicant Copy ও সকল সনদের সত্যায়িত কপি দাখিল করতে হবে।

৯. সাক্ষাৎকারের জন্য প্রার্থীদের কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।

১০. আবেদনপত্র গ্রহণ, বাতিল, নিয়োগ এবং বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদ সংখ্যা হ্রাস বৃদ্ধিসহ সকল ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১১. কোন প্রকার তদবির বা সুপারিশ প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে।


মহাপরিচালক

ন্যাশনাল ইনস্টিটিউট অব বায়োটেকনোলজি

E-mail: dgnibbd@gmail.com